# হেলমেটবিহীন চালককে 'সেনাসদস্যের মারধরে' মৃত্যুর অভিযোগ



নিহত ইসমাইল হোসেন। ছবি: সংগৃহীত

সাতক্ষীরার আশাশুনি উপজেলার কাকবাশিয়া বাজারে সেনাবাহিনীর টহল দলের সদস্যদের মারধরে ইসমাইল হোসেন (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে এমন অভিযোগ করেছেন স্থানীয়রা।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এ ঘটনা ঘটে। নিহত ইসমাইল কাকবাশিয়া জেলেখালি এলাকার মহিরউদ্দীন সানার ছেলে।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয়দের দাবি, হেলমেট ছাড়া তিন বন্ধু মোটরসাইকেলে করে বাজারে আসছিলেন। বাজারের কাছে পৌঁছালে তারা সেনাবাহিনীর টহল দলের সামনে পড়েন। এ সময় তাদের থামিয়ে ইসমাইলকে মারধর করা হয় বলে অভিযোগ। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয় বলে জানান তারা। ঘটনার পর টহল দলের সদস্যরা সেখান থেকে চলে যান বলেও স্থানীয়রা উল্লেখ করেন।

আশাশুনি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম আহমেদ খান বলেন, মরদেহ পড়ে থাকার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। বিষয়টি তদন্তাধীন, বিস্তারিত পরে জানানো হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইদুজ্জামান হিমু বলেন, এ ধরনের একটি অভিযোগ তিনি শুনেছেন। তবে মৃত্যুর কারণ এখনো নিশ্চিত হওয়া যায়নি।

সেনা ক্যাম্পের কমান্ডার লেফটেন্যান্ট আসেফ আহসান চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, এমন ঘটনার তথ্য তার জানা নেই এবং তিনি সে সময় ক্যাম্পের বাইরে ছিলেন।